



বাংলাদেশ তামাক বিরোধী জোট

(The Bangladesh Anti-Tobacco Alliance)

No: BATA/Tob/Let/01/2019/1

১৫ জানুয়ারি, ২০১৯

বরাবর
নির্বাহী পরিচালক
.....

বিষয়: বাংলাদেশ তামাক বিরোধী জোট এর অনুমতি ব্যতীত জোটের নাম ব্যবহার করে গ্রহণকৃত নানা কর্মসূচী সম্পর্কে সতর্কীকরণ প্রসঙ্গে


জনাব,
শুভেচ্ছা জানবেন।

বাংলাদেশ তামাক বিরোধী জোট সারাদেশে তামাক নিয়ন্ত্রণে কার্যরত বেসরকারী সংস্থাগুলোর সম্মিলিত মঞ্চ। বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণ আন্দোলনকে এগিয়ে নিতে জোট এর সদস্যদের রয়েছে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান। জোট এর ভূমিকার স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ সরকার সারাদেশের জাতীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে জোটকে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন কমিটিতে টাফফোর্স এর সদস্য হিসাবে অর্ন্তভুক্ত করেছে।

সম্প্রতি, আমরা লক্ষ্য করেছি বাংলাদেশ তামাক বিরোধী জোটের এই সুনাম তামাক নিয়ন্ত্রণের বিরুদ্ধ শক্তি নানাভাবে ব্যবহার করতে তৎপরতা দেখাচ্ছে। কিছুদিন যাবত বাংলাদেশ তামাক বিরোধী জোট এর নাম ব্যবহার করে কিছু সংগঠন নানাভাবে নানা ধরনের কর্মসূচী গ্রহণ করেছে। যেখানে বাংলাদেশ তামাক বিরোধী জোট এর কোন ধরনের সম্পৃক্ততা নেই। এমনকি আয়োজিত এসকল কর্মসূচীগুলো সম্পর্কে বাংলাদেশ তামাক বিরোধী জোট এর সচিবালয়ও অবহিত নয়। ধারণা করা হচ্ছে, তামাক নিয়ন্ত্রণের বিরুদ্ধ শক্তি অর্থাৎ তামাক কোম্পানীর সাথে সম্পৃক্ত একটি গোষ্ঠী বাংলাদেশ তামাক বিরোধী জোট এর সুনাম ক্ষুন্ন করার জন্য এ ধরনের কার্যক্রম পরিচালনা করেছে।

এমতাবস্থায় তামাক বিরোধী কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ তামাক বিরোধী জোট এর সাথে সম্পৃক্ত সংগঠনগুলোকে আরো অধিক সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। সেইসাথে বাংলাদেশ তামাক বিরোধী জোট এর নাম ব্যবহার করে কোন কর্মসূচী গ্রহণ করার পূর্বে অবশ্যই জোট এর সচিবালয়কে (১৪/৩/এ, জাফরাবাদ, রায়েরবাজার, ঢাকা-১২০৭ ফোন: ০১৫৫২-৪৯৩৫১৮, মেইল-infobatabd@gmail.com) চিঠির মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ-


সাইয়দুল আহমেদ
(সমন্বয়কারী)

